



বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

১২ তলা, ২য় সংলগ্নী ভবন
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

বিএফআইইউ সার্কুলার লেটার নং-০১

তারিখঃ ০৬ ভাদ্র ১৪৩০
২১ আগস্ট ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোনো কোম্পানি বা প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান, বেসরকারি উন্নয়ন সংস্থা, সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানি সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারি, অন্যান্য আইন পেশাজীবী এবং অ্যাকাউন্টেন্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জঙ্গি দল/সংগঠন 'জামায়াতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া' এর কার্যক্রম বাংলাদেশে নিষিদ্ধকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

'জামায়াতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া' নামক জঙ্গি দল/সংগঠন এর কার্যক্রম জননিরাপত্তার জন্য হুমকি মর্মে বিবেচিত হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ০৯ আগস্ট ২০২০ তারিখে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশে এর কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। নিষিদ্ধ ঘোষিত উক্ত দল/সংগঠনের কোনো হিসাব থাকলে তা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২০(১)(খ) ধারা মোতাবেক অবরুদ্ধ করত এবং/অথবা কোনো ব্যবসায়িক সম্পর্ক থাকলে তা বন্ধ করত এ ইউনিটকে অবগত করার জন্য একই আইনের ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (১ পৃষ্ঠা)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রফিকুল ইসলাম)
পরিচালক (বিএফআইইউ)
ফোনঃ ৯৫৩০১৭০

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক শাখা-২
বিজ্ঞপ্তি

তারিখ : ০৯ শ্রাবণ ১৪৩০/২৪ জুলাই ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৭৫.০৪.০০৬.২০১৯-৫৮২—সরকারের কাছে এ মর্মে প্রতীয়মান হয় যে, 'জামায়াতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া' নামক জঙ্গি দল/সংগঠনটির ঘোষিত কার্যক্রম দেশের শান্তি শৃঙ্খলা পরিপন্থী। ইতোমধ্যে দল/সংগঠনটির কার্যক্রম জননিরাপত্তার জন্য হুমকি বলে বিবেচিত হওয়ায় বাংলাদেশে এর কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চান্দুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৬৩৯)

মূল্য : টাকা ৪০০০